

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(বিচার শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)



স্মারক নং-৩২৪২

জে,

তারিখঃ ০৫ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে স্বাস্থ্যবিধি অনুসরণের নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের নির্দেশনানুযায়ী অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনালসমূহে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি এবং শারীরিক ও সামাজিক দূরত্ব অনুসরণ করে শারীরিক উপস্থিতিতে বিচার কার্যক্রম চলমান রয়েছে। করোনভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি বজায় রাখা নিশ্চিতকরণের নিমিত্ত এজলাস কক্ষ এবং আদালত ভবনে দ্রুত প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নসহ আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

এমতাবস্থায়, দেশের সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিতকল্পে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন এবং চাহিদা মোতাবেক যাবতীয় লজিস্টিক সুবিধা প্রদানসহ আদালত/ট্রাইব্যুনালসমূহের কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/-  
(মোঃ গোলাম রব্বানী)  
রেজিস্ট্রার  
হাইকোর্ট বিভাগ  
ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ [registrar\\_hcd@supremecourt.gov.bd](mailto:registrar_hcd@supremecourt.gov.bd)

প্রধান প্রকৌশলী  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।


স্মারক নং- ৩২৪২ (১-১৩)

জে,

তারিখঃ ০৫ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা ও দায়রা জজ/ মহানগর দায়রা জজ ..... (সকল)
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ..... (সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত..... (সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলম্যান্ট/নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল..... (সকল)
৭. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জন নিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল..... (সকল)
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল..... (সকল)
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..... (সকল)
১০. প্রধান নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ..... (সকল)
১১. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
১২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
১৩. অফিস কপি।

  
(মোঃ মিজানুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার (বিচার)  
ফোনঃ ৯৫৬১৯৩২।

